

“এসেছে পল্লীর শুভদিন
বিআরডিবি দিচ্ছে
এসএমই ঋণ”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ই-মেইল:-brdb.sadarjhenaidah@gmail.com
ফোন নং-০২৪৭৭৭৪৭৪৩৫

স্মারক নং- ৪৭.৬২.৪৪১৯.৩০০.১৮.০১৫.২৪. ৩৫৮


তারিখঃ- ০৮-০৫-২৫ খ্রিঃ।

“অফিস আদেশ”

ঝিনাইদহ জেলাধীন সদর উপজেলার পল্লী উদ্যোক্তা নির্বাচন ও ঋণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নলিখিত সদস্য/ উদ্যোক্তা গণের নামের পাশে বর্ণিত পল্লী উদ্যোক্তা ঋণ নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে ঋণ মঞ্জুরী প্রদান করা হলো।

শর্তসমূহঃ-

০১. ঋণের মেয়াদ হবে ১৮ মাস। এই সময়ের মধ্যে মাসিক ১৮ টি কিস্তিতে ঋণের (আসল + সেবামূল্য) পরিশোধ করতে হবে।
০২. সদর দপ্তরের স্মারক নং- ১১০৯৬ তারিখ: ১৬-১০-২০২৩খ্রিঃ পত্র মোতাবেক ঋণ বিতরণ/উদ্যোক্তার ঋণ গ্রহণের ইংরেজী মাসের ক্যালেন্ডার অনুযায়ী পরবর্তী মাসের একই তারিখে (ঋণ বিতরণ/ উদ্যোক্তার ঋণ গ্রহণের তারিখ) প্রথম কিস্তি আদায়ের তারিখ হবে। পরবর্তীতে ০১ মাস পর পর (ইংরেজী মাসের ক্যালেন্ডার অনুযায়ী একই তারিখে) ১৬তম কিস্তি পর্যন্ত ঋণের কিস্তি আদায়/পরিশোধ করতে হবে।
০৩. নির্ধারিত ১৮ মাস সময়ের জন্য এই ঋণের সেবামূল্য ফ্লাট রেট পদ্ধতিতে ৯% হারে প্রযোজ্য হবে। তবে ঋণ পরিশোধের ১৮ মাস সময়কাল অতিক্রান্ত হলে বকেয়া সমুদয় ঋণ (যদি থাকে) খেলাপী হিসাবে গণ্য হবে। এই মেয়াদান্তীর্ণ খেলাপী ঋণের উপরে প্রতি বছর ফ্লাট রেটে বার্ষিক ১১% সেবামূল্য ধার্য হবে।
০৪. প্রতিকিস্তি গ্রহণের/উদ্যোক্তার ঋণের প্রতিকিস্তি পরিশোধের সময় নিয়মিতভাবে ন্যূনতম ৫০০.০০ (পাঁচশত) টাকা সঞ্চয় জমা করতে হবে।
০৫. এই ঋণ মওকুফযোগ্য নহে।
০৬. এই পত্রে উল্লেখ হয়নি কিন্তু চুক্তিপত্রে উল্লেখ আছে এমন শর্তাবলী পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচির নীতিমালার অন্যান্য শর্তাবলী ও সদর দপ্তর কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সার্কুলার, পরিপত্র এবং অফিস আদেশ যথাযথভাবে অনুসরণযোগ্য।



০৮-০৫-২৫

(অনুপম দাস)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

মোবাঃ ০২৪৭৭৭৪৭৪৩৫

স্মারক নং- ৪৭.৬২.৪৪১৯.৩০০.১৮.০১৫.২৪. ৩৫৮

তারিখঃ- ০৮-০৫-২৫ খ্রিঃ।

অনুলিপিঃ-

০১. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ (সদয় অবগতির জন্য)।
০২. এআরডিও, সদর, ঝিনাইদহ (নীতিমালার বিভিন্ন অনুচ্ছেদে উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো)।
০৩. হিসাব রক্ষক, সদর, ঝিনাইদহ (নীতিমালার বিভিন্ন অনুচ্ছেদে উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো)।
০৪. জনাব পিতা , গ্রামঃ
..... পোঃ
উপজেলাঃ....., জেলা.....। গৃহীত ঋণের টাকার কিস্তি নির্ধারিত তারিখে পরিশোধ সহ পত্রে উল্লেখিত শর্তাবলী অনুসরণ করার জন্য বলা হলো। অত্র দপ্তর হতে আপনার নামে ইস্যুকৃত পাশ বহি যথাযথভাবে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো (পাশবহি অন্যের নিকট হস্তান্তর যোগ্য নহে)।
০৫. অফিস কপি।

০৮-০৫-২৫

(অনুপম দাস)

